



লাভেলোর দ্বিতীয় আইসক্রিম উৎপাদন ইউনিট স্থাপনে ১৫০ কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত

বাজারের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে দ্বিতীয় আইসক্রিম উৎপাদন ইউনিট স্থাপনের জন্যে ১৫০ কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত অনুমোদন করেছে তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির পরিচালনা পর্ষদ। এর প্রস্তুতি হিসেবে ইতিমধ্যে কোম্পানিটি বর্তমান আইসক্রিম উৎপাদন কারখানা ময়মনসিংহের ভালুকায় ৫৯.১৬ শতাংশ জমি কিনেছে। দ্বিতীয় আইসক্রিম উৎপাদন ইউনিটের অধিকাংশ মূলধনী যন্ত্রপাতি কেনার জন্যে লাভেলো, Tetra Pak South East Asia Pte Ltd. 19 Gul Lane, Singapore, Singapore 629414, MEC Group (Equipmentimes), No.25, Tongxing Street, Dalian, China, Teknoice, Via Lazio 37-20090, Buccinasco (Mi), Italy এবং Yantai Moon Co. Ltd. Yantai City, Shandong Province সাথে চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছে। দ্বিতীয় আইসক্রিম উৎপাদন ইউনিট স্থাপন এবং আইসক্রিম উৎপাদন শুরুর পর লাভেলোর দৈনিক আইসক্রিম উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২,৫০,০০০ লিটার, যা বর্তমান আইসক্রিম উৎপাদন ক্ষমতার প্রায় দ্বিগুণের চেয়েও বেশি। দ্বিতীয় ইউনিটের উৎপাদিত আইসক্রিম ২০২৫ সালের জুন মাস থেকে বাজারজাত করা হবে। কোম্পানির নগদ প্রবাহের উপর ভিত্তি করে অভ্যন্তরীণ উৎস ও ব্যাংকের অর্থায়ন থেকে উক্ত বিনিয়োগ করা হবে।